অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/26/2021 **গভর্নর ক্যাথি হোকল**

প্রত্যাশিত কালবৈশাখী যা ভারী বর্ষণ এবং বন্যার সম্ভাবনা নিয়ে আসবে, তার বিরুদ্ধে স্টেটের প্রতিক্রিয়া সম্পর্কে গভর্নর হোচুল নিউ ইয়র্কবাসীদের হালনাগাদ তথ্য প্রদান করেন

রাজধানী অঞ্চল, লং আইল্যান্ড, NYC, মিড-হাডসন এবং সাউদার্ন টিয়ারের বেশ কয়েকটি এলাকায় বন্যার মোট পরিস্থিতি প্রভাব ফেলতে পারে বলে প্রত্যাশিত, তাই গভর্নর হোচুল যাত্রীদের মঙ্গলবার সন্ধ্যায় যাতায়াতের সময় সতর্কতা অবলম্বন করার আহ্বান জানিয়েছেন

লং আইল্যান্ড, মিড-হাডসন, নিউ ইয়র্ক সিটি এবং সাউদার্ন টিয়ার অঞ্চলে এই সন্ধ্যার মধ্যে আরো 2-3 ইঞ্চি বৃষ্টিপাত প্রত্যাশিত; লং আইল্যান্ডে মঙ্গলবার থেকে বুধবার রাতারাতি ঘণ্টায় 50 থেকে 60 মাইল বেগে বাতাস বইবে

আকস্মিক বন্যার সতর্কতা কার্যকর ডেলাওয়্যার এবং সালিভান কাউন্টিগুলিতে

গভর্নর আগে থেকেই সোমবার সন্ধ্যায় রাষ্ট্রীয় দুর্যোগ জরুরি অবস্থা ঘোষণা করেছে প্রভাবিত এলাকায় রাষ্ট্রীয় এজেন্সিগুলির প্রতিক্রিয়া সহজতর করতে

গভর্নর ক্যাথি হোচুল আজ বুধবার সকাল পর্যন্ত রাজ্য জুড়ে ঘূর্ণায়মান কালবৈশাখী এবং তার ফলে রাজধানী অঞ্চল, লং আইল্যান্ড, নিউ ইয়র্ক সিটি, মিড-হাডসন এবং সাউদার্ন টিয়ার অঞ্চলে ভারী বৃষ্টিপাত এবং বন্যার পরিস্থিতি তৈরি হওয়ার বিরুদ্ধে রাজ্যের প্রতিক্রিয়া সম্পর্কে নিউ ইয়র্কবাসীদের আপডেট করেছেন। নিম্নরাজ্য অঞ্চলে মোট 3 ইঞ্চি পর্যন্ত বৃষ্টিপাত জমা হয়েছে এবং আরও 2-3 ইঞ্চি বৃষ্টি লং আইল্যান্ড, মিড-হাডসন, নিউ ইয়র্ক সিটি এবং সাউদার্ন টায়ার অঞ্চলগুলি মঙ্গলবারের বাকি সময় জুড়ে প্রভাব ফেলবে বলে আশা করা হচ্ছে। বুধবার লং আইল্যান্ডে 60 মাইলপ্রতি ঘণ্টা বেগে বাতাসের দমকের সম্ভাবনা আছে। গভর্নর হোচুল ক্ষতিগ্রস্ত এলাকায় নিউ ইয়র্কবাসীদের সারাদিনের আবহাওয়ার উপর নিকট নজর রাখতে, যাতায়াতের সময় সতর্কতা অবলম্বন করতে এবং ঝড়ের প্রতিক্রিয়ায় স্থানীয় কর্তৃপক্ষের দ্বারা জারি করা জরুরি আদেশগুলি অনুসরণ করার আহ্বান জানিয়েছেন।

"আমরা আবহাওয়ার পূর্বাভাষের উপর নিকট নজর রাখছি এবং আজ রাত এবং আগামী কাল আমরা যে ভারী বর্ষণ এবং বাতাস আশা করছি তার মোকাবিলা করার জন্য সরকারে আমাদের অংশীদারদের সাথে যোগাযোগ করার জন্য কাজ করছি," **গভর্নর হোচুল বলেন।** "সকল নিউ

ইয়র্কবাসীর সতর্ক এবং প্রস্তুত থাকা উচিত স্থানীয় সরকারগুলির দ্বারা জারি করা কোন সঙ্কটকালীন আদেশ মানার জন্য। আমি দৃঢ়ভাবে প্রত্যেককে তাদের স্থানীয় আবহাওয়ার পূর্বাভাস পর্যবেক্ষণ করার জন্য এবং আজ সন্ধ্যায় এবং বুধবার সকালে আপনার বাড়িতে যাতায়াতের সময় সতর্কতা অবলম্বন করার জন্য অনুরোধ করছি।"

সোমবার সকাল অবধি, ডাউনস্টেটের বহু জায়গায় 3 ইঞ্চি বা তার বেশি বৃষ্টিপাত হয়েছে এই কালবৈশাখীর সাথে, এবং আরো বৃষ্টি হবে বলে আশা করা হচ্ছে এই সন্ধ্যা পর্যন্ত। ন্যাশনাল ওয়েদার সার্ভিস (National Weather Service) বুধবার পর্যন্ত আকস্মিক বন্যা, উপকূলীয় বন্যা এবং প্রবল বাতাসের নজরদারী এবং উপদেষ্টা সহ একাধিক আবহাওয়া পর্যবেক্ষণ এবং উপদেষ্টা জারি করেছে। আপনার এলাকায় আবহাওয়া উপদেষ্টার সম্পূর্ণ তালিকা দেখার জন্য আপনার এলাকার ন্যাশনাল ওয়েদার সার্ভিস (National Weather Service)-এর ওয়েবসাইট এ যান।

সোমবার, গভর্নর হোচুল একটি রাজ্যের দুর্যোগকালীন জরুরী অবস্থা ঘোষণা করেন বেশ কিছুর কাউন্টির জন্য, যার মধ্যে আছে ব্রঙ্কস, ব্রুম, চেনাঙ্গো, ডেলাওয়ের, গ্রিন, কিংস, মন্টগোমারি, নাসাউ, নিউ ইয়র্ক, অরেঞ্জ, অটসেগো, পুটনাম, কুইন্স, রিচমন্ড, রকল্যান্ড, সেনেকটেডি, স্কোহ্যারি, সাফোক, টিওগা, আলস্টার, ওয়েস্টচেস্টার এবং সংলগ্ন কাউন্টিগুলিতে।

এজেন্সির প্রস্তুতি

পরিবহন বিভাগ

স্টেটের পরিবহন বিভাগ নিম্নোক্ত অ্যাসেটগুলি সহ প্রস্তুতি নিয়েছে:

- 1,409-টি বিশাল ডাম্প ট্রাক
- 304টি বিশাল লোডার
- 78টি ট্র্যাকড ও চাকাযুক্ত খননযন্ত্র
- 73টি চিপার
- 20টি গ্রেডার
- 16টি সিউয়ার জেট সহ ভ্যাকুম ট্রাক
- 14টি ট্রি ক্রু বাকেট ট্রাক

থ্রুওয়ে অথরিটি

থ্রুওয়ে অথোরিটি ঝড়ো বাতাস সংক্রান্ত যেকোনো পরিস্থিতি মোকাবেলায় স্টেট জুড়ে 656 জন অপারেটর ও সুপারভাইজার, ছোট থেকে মাঝারি আকারের খননযন্ত্র, লাঙ্গল/ডাম্প ট্রাক, বড় লোডার এবং ভ্রাম্যমান VMS বোর্ড, ভ্রাম্যমান লাইট টাওয়ার, ছোট জেনারেটর, ছোট পাম্প ও সরঞ্জাম টানার ট্রেলার এবং যেকোনো ধরনের পথ ঘোরানো বা বন্ধের জন্য ট্রাফিক সাইন ও অন্যান্য ট্রাফিক নিয়ন্ত্রণ যন্ত্র নিয়ে পুরো স্টেটে বন্যা সমস্যার সমাধানের জন্য কর্মীরা প্রস্তুত আছেন। থ্রুওয়েতে মোটরচালকদের সতর্ক করতে বিভিন্ন রকমের বার্তার চিহ্ন, হাইওয়ে সতর্কতা রেডিও এবং সোশ্যাল মিডিয়া ব্যবহার করা হয়।

স্টেট ব্যাপী থাকা ইকুইপমেন্টের সংখ্যা নিম্নোক্তানুসারে:

- 228টি বিশাল ডাম্প ট্রাক
- 124টি ছোট ডাম্প ট্রাক
- 68টি লোডার
- 29টি ট্রেলার
- 8টি ভ্যাক ট্রাক
- 9টি ট্র্যাকড খননযন্ত্র
- 10টি হুইলড এক্সক্যাভেটর্স
- 9টি ব্রাশ চিপার্স
- 100টি চেইনস
- 25টি এরিয়াল ট্রাক
- 23টি স্কিড স্টিয়ার
- 87টি বহনযোগ্য জেনারেটর
- 70টি বহনযোগ্য লাইট ইউনিট

থ্রুওয়ে অথরিটির মোবাইল অ্যাপ বিনামূল্যে ডাউনলোড করতে মোটোরিস্টদের উৎসাহ দেওয়া হচ্ছে, যা iPhone এবং Android ডিভাইসে পাওয়া যাবে। অ্যাপের মাধ্যমে মোটরিস্টরা রাস্তায় থাকার সময় লাইভ ট্রাফিক ক্যামেরা, রিয়েল-টাইম তথ্য ও নেভিগেশন সংক্রান্ত সহায়তায় সরাসরি অ্যাক্সেস পাবেন। এছাড়াও মোটরচালকরাট্রান্সঅ্যালার্ট ইমেলের জন্য সাইন আপ করতে পারেন যা থ্রুওয়ের সর্বশেষ ট্রাফিক পরিস্থিতি প্রদান করে,
টুইটারে @ThruwayTraffic ফলো করুন এবং থ্রুওয়ের ও নিউ ইয়র্ক স্টেটের অন্যান্য সড়কগুলিতে ট্রাফিকের অবস্থা দেখানো একটি ইন্টার‍্যাক্টিভ ম্যাপ
দেখতে thruway.ny.gov দেখুন।

স্বদেশের নিরাপত্তা ও জরুরী পরিষেবা বিভাগ (Division of Homeland Security and Emergency Services)

ডিভিশনের অফিস অফ এমারজেন্সি ম্যানেজমেন্ট (Office of Emergency Management) ঘনিষ্ঠভাবে আবহাওয়ার অবস্থা পর্যবেক্ষণ করছে এবং এর এমার্জেন্সি অপারেশন সেন্টার (Emergency Operations Center) বর্তমানে সক্রিয় রয়েছে। বিভাগটি যেকোনো প্রয়োজনীয় রাষ্ট্রীয় এজেন্সির প্রতিক্রিয়া ক্রিয়াকলাপ সমন্বয় করবে এবং আগামী দিনগুলিতে স্থানীয়দের সাথে যোগাযোগ রাখবে। উপরন্তু, বিভাগের নিউ ইয়র্ক স্টেট টাস্ক ফোর্স-2 (New York State Task Force-2, NY-TF2), রাজ্যের আরবান সার্চ এবং রেসকিউ টীম (Urban Search and Rescue Team) মোতায়েন সহ রাজ্যের এজেন্সির জল উদ্ধারের সম্পদের প্রতিক্রিয়া সমন্বয়ের জন্য অফিস অফ ফায়ার প্রিভেনশন অ্যান্ড কন্ট্রোল (Office of Fire Prevention and Control) প্রস্তুত। OFPC-এর NY-TF2 এবং স্টেট এজেন্সির সুইফ্ট জলের রেসকিউ টীমগুলি স্থানীয় প্রতিক্রিয়া ক্ষমতার পরিপূরক এবং সহায়তা করার জন্য উদ্ধারকারী নৌকা এবং উচ্চ-অ্যাক্সেলের যানবাহন পরিচালনাকারী সুইফ্ট-ওয়াটার রেসকিউ টেকনিশিয়ানদের মোতায়েন করতে সক্ষম।

পরিবেশ সংরক্ষণ বিভাগ (Department of Environmental Conservation)

DEC পরিবেশ সংরক্ষণ পুলিশ অফিসার, ফরেস্ট রেঞ্জার্স, আপৎকালীন ম্যানেজমেন্ট স্টাফ এবং আঞ্চলিক স্টাফরা সতর্ক থাকবেন এবং পরিবর্তিত পরিস্থিতিতে নজর রাখবেন এবং খারাপ আবহাওয়ার দরুন ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভাবনা রয়েছে এরকম এরিয়া এবং অবকাঠামোগুলিতে তারা টহলদারি চালাবেন। সুইফ্ট ওয়াটার রেসকিউ টিম সহ সমস্ত উপলভ্য অ্যাসেট আপৎকালীন পরিস্থিতিতে সাহায্য করার জন্য মোতায়েন করা হয়েছে।

পার্ক, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণ দপ্তর (Office of Parks, Recreation and Historic Preservation)

নিউ ইয়র্ক স্টেট পার্ক পুলিশ এবং পার্কের পার্সোনেলরা সতর্ক আছে এবং আবহাওয়া পরিস্থিতি এবং তার পরিণামের উপর কড়া নজর রাখছেন। পার্ক খোলা থাকার পুরো সময়, খোলার সময় এবং বন্ধ হওয়ার সময় ইত্যাদি সম্পর্কে সর্বশেষ তথ্য জানতে পার্ক ভ্রমণকারীদের উচিত parks.ny.gov দেখা বা তাদের স্থানীয় পার্কের অফিসে যোগাযোগ করা।

জনসেবা বিভাগ (Department of Public Service)

নিউ ইয়র্কের ইউটিলিটিগুলিতে রাজ্য জুড়ে ক্ষয়ক্ষতির মূল্যায়ন, প্রতিক্রিয়া, মেরামত এবং পুনরুদ্ধারের প্রচেষ্টার জন্য আনুমানিক 6,200 জন কর্মী উপলব্ধ। ডিপার্টমেন্ট অফ পাবলিক সার্ভিসের (Department of Public Service) কর্মীরা ঝড়ের সময় ইউটিলিটিগুলির কাজ ট্র্যাক করবে এবং নিশ্চিত করবে যে ইউটিলিটিগুলি সবচেয়ে বেশি প্রভাবিত অঞ্চলে উপযুক্ত কর্মীদের স্থানান্তর করবে।

নিউ ইয়র্ক স্টেট পুলিশ

স্টেট পুলিশ (State Police) ক্ষতিগ্রস্ত এলাকাগুলিতে প্রয়োজন অনুযায়ী অতিরিক্ত ট্রুপার মোতায়েন করতে প্রস্তুত। চার চাকার যানবাহন, এবং ইউটিলিটি টাস্ক যানবাহন সহ বিশেষভাবে তৈরি স্টেট পুলিশের সমস্ত গাড়ী অবিলম্বে সহায়তার জন্য তৈরি এবং প্রস্তুত রয়েছে। সকল ট্রুপ, জরুরি শক্তি এবং যোগাযোগ সরঞ্জাম পরীক্ষা করা হয়েছে।

নিউ ইয়র্ক পাওয়ার অথরিটি (New York Power Authority, NYPA) / ক্যানাল কর্পোরেশন (Canal Corporation)

নিউ ইয়র্ক পাওয়ার অথরিটি এবং নিউ ইয়র্ক স্টেট ক্যানাল কর্পোরেশন পরিস্থিতি পর্যবেক্ষণ করছে এবং সমস্ত সম্পদগুলিকে প্রস্তুত করছে। NYPA এবং ক্যানালসের প্রতিনিধিরা রাজ্য, কাউন্টি এবং স্থানীয় জরুরি কর্মীদের সাথে ঘনিষ্ঠ যোগাযোগে রয়েছেন৷ প্রয়োজনে NYPA ট্রান্সমিশন এবং অন্যান্য কর্মীদের সহায়তা করতে পাঠানোর জন্য NYPA প্রস্তুত রয়েছে। ক্যানাল

কর্পোরেশন নোটিশ টু মেরিনার্স অ্যালার্টের মাধ্যমে জনসাধারণকে প্রয়োজন অনুযায়ী আপডেট করবে। জনসাধারণের সদস্যরা এখানে এই নোটিশগুলি পেতে সাইন আপ করতে পারেন।

মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথরিটি

মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথরিটি (Metropolitan Transportation Authority) তার পরিবহন নেটওয়ার্ক রক্ষা করতে এবং নিরাপদ পরিষেবা প্রদান করতে প্রয়োজনীয় সকল পূর্বসতর্কতা অবলম্বন করছে। মেট্রোপলিটান ট্রান্সপোর্টেশন অথোরিটির (Metropolitan Transportation Authority, MTA) এজেন্সিগুলি এক সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করছে, স্থানীয় অংশীদারদের সাথে সমন্বয় করে পরিকল্পনা তৈরি করতে পরিষেবা প্রভাবিত হলে কি করণীয় তার জন্য। MTA যাত্রীবাহী রেলপথ, সাবওয়ে, এবং এজেন্সির সেতু এবং টানেল জুড়ে প্রয়োজনীয় ব্যাকআপ সরঞ্জাম আগে থেকে স্থাপন করেছে।

MTA ব্রিজ অ্যান্ড টানেলস (MTA Bridges and Tunnels) মঙ্গলবার, 26 অক্টোবর, রাত 10টা অবধি MTA-এর সাতটি সেতু থেকে ট্যান্ডেম এবং খালি ট্র্যাক্টর ট্রেলার নিষিদ্ধ করেছে

সাবওয়েতে, রক্ষণাবেক্ষণের কর্মীরা বন্যাপ্রবণ এলাকাগুলিতে ট্র্যাক ড্রেনগুলি পরিদর্শন করছেন এবং ট্র্যাক পাম্প এবং ঝড়ের বাক্সগুলি স্থাপন করছেন।

ভারী বৃষ্টি এবং হাওয়ার সময় যাতায়াত করার ক্ষেত্রে MTA গ্রাহকদের অতিরিক্ত সতর্কতা নিতে উৎসাহ দিচ্ছে। এতে রয়েছে যাতায়াতের জন্য বাড়তি সময় নেওয়া, প্ল্যাটফর্ম এবং সিঁড়ি দিয়ে হাঁটার সময় বাড়তি সতর্কতা অবলম্বন করা, পিচ্ছিল অবস্থা সম্পর্কে সতর্ক থাকা, এবং মাথার উপরে থাকা গাছপালা বা তারের ব্যাপারে সতর্ক থাকা।

বন্দর কর্তৃপক্ষ (Port Authority)

পোর্ট অথরিটিও আবহাওয়া পরিস্থিতির উপর নজর রাখছে। ব্রিজ, সর্বোপরি রোডওয়ে বরাবর এবং ক্রসিংগুলিতে গতির উর্ধ্বসীমা বেঁধে দেওয়া হতে পারে। বিলম্ব এবং বাতিলকরণের ব্যাপারে সর্বশেষ তথ্যের জন্য ক্যারিয়ার এবং এয়ারলাইনের সাথে সরাসরি যোগাযোগ করতে পোর্ট অথরিটির ফেসিলিটি থেকে যাত্রীদের উৎসাহ দেওয়া হচ্ছে। পোর্ট অথরিটি সুবিধা সম্পর্কে সর্বশেষ তথ্যের জন্য, অনুগ্রহ করে সোশ্যাল মিডিয়া চেক করুন, PA এলার্ট-এর জন্য সাইন আপ করুন অথবা PA মোবাইল অ্যাপগুলির মধ্যে একটি ডাউনলোড করুন।

নিরাপত্তা সংক্রান্ত পরামর্শ

তীব্র আবহাওয়ার জন্য প্রস্তুত হন:

- আপনি যেখানে বসবাস করেন সেখানের কাউন্টি এবং নিকটবর্তী শহরগুলির নাম জানুন। গুরুতর আবহাওয়ার সতর্কতা কাউন্টির ভিত্তিতে জারি করা হয়।
- আপনার বাড়ির বা ব্যবসার থেকে নিরাপদ রুটটি শিখুন, যদি নিরাপদ স্থলে আপনার তাড়াতাড়ি চলে যেতে হয়।

- যদি স্থান পরিত্যাগ করার পরামর্শ দেওয়া হয়, তাহলে অবিলম্বে তা করুন। শুধু প্রয়োজনীয় জিনিসপত্র নিন, এবং সম্ভব হলে আপনার পোষা প্রাণীগুলিকে নিয়ে নিন।
- 'পরিবারের পলায়নের' একটি পরিকল্পনা তৈরি করুন এবং অনুশীলন করুন এবং পরিবারের সদস্যরা পৃথক হয়ে গেলে দেখা করার একটি নির্দিষ্ট স্থান চিহ্নিত করে রাখুন।
- ঝড়ের সময় গাড়ি চালানো বা বাইরে যাওয়া এড়িয়ে চলুন। বন্যা এবং ক্ষতিকর বাতাস ভ্রমণ বিপজ্জনক করে তুলতে পারে।
- বাইরে যদি যেতেই হয় তাহলে প্রবাহিত পানির মধ্যে হেঁটে যাবেন না। দ্রুত গতিতে চলমান ছয় ইঞ্চি পানি আপনাকে ছিটকে ফেলে দিতে পারে।
- আপনি যদি গাড়ি চালাতে চান তাহলে মনে রাখবেন: "ঘুরে যান, ডুবে যাবেন না!" প্লাবিত রাস্তা দিয়ে গাড়ি চালাবেন না কারণ গাড়ি মাত্র দুই ফুট বহমান পানিতে ভেসে যেতে পারে। যদি আপনার গাড়ি দ্রুত গতিতে চলমান পানিতে আটকা পরে, তাহলে গাড়িতে থাকুন। যদি গাড়ির ভিতরে জল বাড়তে থাকে তাহলে ছাদে আশ্রয় নিন। রাস্তার বাঁধার পাশ কাটিয়ে গাড়ি চালাবেন না।

হাতে দুর্যোগ সরবরাহ রাখুন, এগুলো সহ:

- ফ্ল্যাশলাইট এবং অতিরিক্ত ব্যাটারি
- ব্যাটারি চালিত রেডিও এবং অতিরিক্ত ব্যাটারি
- ফার্স্ট এইড কিট এবং ম্যানুয়াল
- জরুরি খাদ্য এবং পানি
- অ-বৈদ্যুতিক ক্যান ওপেনার
- অপরিহার্য ওষুধ
- চেকবুক, নগদ, ক্রেডিট কার্ড, ATM কার্ড

বিদ্যুৎ বিভ্রাট হলে নিউইয়র্কবাসীদের উচিৎ:

- এই ডিভাইসগুলিকে ক্ষতি করতে পারে এমন ক্ষণস্থায়ী শক্তির প্রবাহের ক্ষেত্রে প্রধান যন্ত্রপাতি এবং অন্যান্য সরঞ্জাম, যেমন, কম্পিউটারগুলি বন্ধ করুন বা সংযোগ বিচ্ছিন্ন করুন। একটি আলো চালু রাখুন যাতে কখন বিদ্যুৎ ফিরে আসে তা আপনি জানতে পারেন। আপনি যেখানে ইলেকট্রনিক সরঞ্জাম ব্যবহার করেন সেখানে সার্জ প্রোটেক্টর ব্যবহার করার কথা বিবেচনা করুন।
- আপনার ইউটিলিটি প্রদানকারীকে বিভ্রাটের বিষয়ে অবহিত করতে এবং অফিসিয়াল তথ্যের জন্য স্থানীয় সম্প্রচার শুনতে কল করুন। ইউটিলিটি সংস্থাগুলোর একটি তালিকা পেতে স্টেট ডিপার্টমেন্ট অব পাবলিক সার্ভিসে যান।
- আপনার প্রতিবেশীদের বিদ্যুৎ আছে কিনা তা দেখুন। অ্যাক্সেস বা কার্যকরী প্রয়োজন আছে এমন লোকেদের খবর নিন।
- জরুরী আলোর জন্য শুধুমাত্র ফ্ল্যাশলাইট ব্যবহার করুন - মোমবাতিগুলি আগুন লাগার ঝুঁকি তৈরি করে।
- রেফ্রিজারেটর এবং ফ্রিজারের দরজা বন্ধ রাখুন - বেশিরভাগ খাবার যেগুলির হিমায়নের প্রয়োজন সেগুলি একটি বন্ধ রেফ্রিজারেটরে কিছু ঘন্টার জন্য নিরাপদে রাখা যেতে

পারে। একটি না খোলা রেফ্রিজারেটর প্রায় চার (4) ঘন্টার জন্য খাবারকে ঠান্ডা রাখবে। একটি সম্পূর্ণ ফ্রিজার তাপমাত্রাকে প্রায় 48 ঘন্টা ধরে রাখবে।

- বাড়ির ভিতরে কাঠকয়লার গ্রিল ব্যবহার করবেন না এবং তাপের জন্য গ্যাসের চুলা ব্যবহার করবেন না - সেগুলি কার্বন মনোক্সাইডের ক্ষতিকারক মাত্রা ছাড়তে পারে।
- ঠান্ডা আবহাওয়ায়, স্তরে স্তরে পোশাক পরে এবং বাইরে কাটানো সময় কমিয়ে উষ্ণ থাকুন। ঠান্ডা চাপের উপসর্গ (অর্থাৎ, হাইপোথার্মিয়া) সম্পর্কে সচেতন থাকুন এবং উপসর্গ দেখা দিলে যথাযথ চিকিৎসা করান।
- আপনি যদি একটি উঁচু ভবনে থাকেন, তাহলে সিঁড়ি দিয়ে বিল্ডিংয়ের সর্বনিম্ন তলায় যান। লিফটে আটকে পরে থাকলে সাহায্যের জন্য অপেক্ষা করুন। জোর করে দরজা খোলার চেষ্টা করবেন না। ধৈর্য ধরুন - অনেক বাতাস রয়েছে এবং লিফটের ভিতরটি যাত্রীদের সুরক্ষার জন্য তৈরি করা হয়েছে।
- আপনার পোষা প্রাণীদের জন্য তাজা, শীতল জল প্রদান করার কথা মনে রাখুন।
- নিষ্প্রয়োজন যাতায়াত করবেন না, বিশেষ করে গাড়িতে। বিভ্রাটের সময় ট্র্যাফিক সিগন্যালগুলি কাজ করবে না, যার ফলে যানজট এবং বিপজ্জনক গাড়ি চালানোর অবস্থা তৈরি হবে। আপনাকে যদি ব্ল্যাকআউটের সময় গাড়ি চালাতেই হয়, 4-ওয়ে স্টপ নিয়ম মেনে কলার কথা মনে রাখুন কাজ-না-করা ট্র্যাফিক সিগন্যাল সহ মোড়গুলিতে।
- স্বয়ংক্রিয় টেলার মেশিনগুলির (ATM) মোট সরঞ্জাম এবং লিফটগুলি হয়তো কাজ করবে না।

আরো নিরাপত্তা সংক্রান্ত পরামর্শের জন্য, নিউ ইয়র্ক স্টেট স্বদেশের নিরাপত্তা ও জরুরী পরিষেবা বিভাগের (New York State Division of Homeland Security and Emergency Services) নিরাপত্তা সংক্রান্ত পরামর্শ ওয়েব পেজ দেখুন এখানে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন